The Financial Express
THURSDAY, 14 MAY 2026

# Turkish business leaders eye joint investment in BD

**FE REPORT**




Dhaka Chamber of Commerce and Industry hosted a Turkish business delegation at the Gulshan Centre in Dhaka on Wednesday.

Turkish business leaders have expressed strong interest in making both joint and independent investments in Bangladesh's electronics and electrical equipment sector, citing growing domestic demand and mutual benefits for both countries.

"There is significant demand in Bangladesh for electronic equipment, home appliances, generators and similar products. Investors from Türkiye are interested in making both joint and independent investments in these sectors," said Burak Basegmezlar, Vice President of the Turkish Electro Technology Exporters' Association (TET).

He made the remarks while speaking at a bilateral trade discussion between the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) leaders and a seven-member Turkish business delegation led by him at Gulshan Centre in the capital on Wednesday. Turkish Ambassador to Bangladesh Ramis ?en was also present.

Basegmezlar reiterated that Turkish investors are keen to enter Bangladesh's electronics and electrical equipment sector through both standalone and collaborative ventures.

He also announced that a delegation of Turkish entrepreneurs from the electronics and electrical equipment sector is scheduled to visit Bangladesh in November this year.

During the visit, private sector representatives from both countries are expected to take part in bilateral discussions and business-to-business (B2B) sessions aimed at unlocking sectoral potential and expanding trade and investment, he added.

Turkish Ambassador Ramis ?en said there is immense scope for enhancing bilateral trade, stressing that stronger business linkages between entrepreneurs of the two countries would be key to tapping this potential.

He noted that DCCI can play an effective bridging role in boosting private sector cooperation.

Welcoming the delegation, DCCI President Taskeen Ahmed said Bangladesh and Türkiye have long enjoyed friendly relations and expressed optimism that such business engagements would further strengthen bilateral trade.

He said total bilateral trade between the two countries stood at around $1.05 billion in FY2024-25, with Bangladesh's imports from Türkiye amounting to $416.76 million and exports reaching $634.53 million.

Taskeen added that Turkish entrepreneurs have already invested $74.05 million across various sectors in Bangladesh.

He also invited Turkish investors to explore both joint ventures and wholly owned investments in promising sectors including readymade garments, leather and footwear, jute goods, agro-processed products, pharmaceuticals, light engineering, ICT services and software, home textiles and consumer goods.

DCCI Senior Vice President Razeev H Chowdhury and Vice President Md. Salem Sulaiman were present at the meeting.

*talhabinhabib@yahoo.com*

DAILY TIMES
OF BANGLADESH
THURSDAY, 14 MAY 2026




A seven-member delegation from Turkey, led by Turkish Electro Technology Exporters' Association Vice President Burak Basegmezlar, met Dhaka Chamber of Commerce and Industry Senior Vice President Razeev H Chowdhury and Vice President Md Salem Sulaiman at Gulshan Centre on Tuesday to discuss bilateral trade and business cooperation. — **Photo: DCCI**

# Bangladesh, Turkey explore deeper trade, investment ties

**TIMES Report** Dhaka

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and a Turkish business delegation explored ways to expand bilateral trade and investment, with both sides identifying scope in electronics, manufacturing and consumer goods.

The discussions were held at Gulshan Centre on Tuesday between DCCI office-bearers and a seven-member delegation from Turkey led by Turkish Electro Technology Exporters' Association Vice President Burak Basegmezlar. Turkey Ambassador to Bangladesh Ramis Şen also attended the meeting.

Bangladesh-Turkey trade has continued to grow, reaching about $1.05 billion in FY25. Of this, Bangladesh imports stood at $416.76 million while exports totalled $634.53 million, said DCCI President Taskeen Ahmed.

Turkish investment in Bangladesh stands at around $74.05 million across multiple sectors, he added.

Taskeen Ahmed said Bangladesh offers strong potential for Turkish investors in readymade garments, leather and footwear, jute goods, agro-processed products, pharmaceuticals, light engineering, information technology services, software, home textiles and consumer goods. He invited Turkish companies to pursue both joint ventures and wholly owned investments.

Burak Basegmezlar said there is rising demand in Bangladesh for electronic equipment, home appliances and generators, adding that Turkish investors are interested in both joint and independent investment in these segments.

A delegation of Turkish entrepreneurs from the electronics and electrical equipment sector is expected to visit Bangladesh in November for further business-to-business (B2B) meetings and sectoral discussions, he said.

Turkey Ambassador to Bangladesh Ramis Şen said there is significant scope to expand bilateral trade further, stressing the need for closer engagement between business communities of the two countries.

He added that DCCI can play an important bridging role in strengthening private sector cooperation.

DCCI Senior Vice President Razeev H Chowdhury and Vice President Md Salem Sulaiman were also present.

# DCCI seeks greater Turkish investment, trade collaboration



DCCI made a bilateral trade discussion with a seven-member business delegation from Turkiye led by Burak Basegmezlar, Vice President of the Turkish Electro Technology Exporters' Association (TET). Photo: Collected

DHAKA, May 13, 2026 (BSS) - The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has urged Turkish entrepreneurs to enhance investment and trade collaboration with Bangladesh, highlighting the country's growing economic potential and investor-friendly opportunities.

The call came today during a bilateral trade discussion held at the Gulshan Centre in the city between DCCI office bearers and a seven-member business delegation from Turkiye led by Burak Basegmezlar, Vice President of the Turkish Electro Technology Exporters' Association (TET). The ambassador of Turkiye to Bangladesh, Ramis Sen, also attended the meeting, said a press release.

Speaking at the event, DCCI President Taskeen Ahmed said that Bangladesh and Turkiye enjoy longstanding friendly relations, adding that stronger business-to-business engagement can significantly boost bilateral trade and investment in the coming years.

He informed that bilateral trade between Bangladesh and Turkiye during FY 2024-25 stood at around USD 1.05 billion, while Turkish investment in Bangladesh has already reached US$74.05 million across different sectors.

He urged Turkish investors to undertake both joint venture and independent investments in Bangladesh's high-potential sectors, including readymade garments, leather and footwear, jute goods, agro-processed products, pharmaceuticals, ICT services and software, light engineering products, home textiles, and consumer goods.

Taskeen Ahmed also emphasized the importance of expanding cooperation in the electronics and electrical equipment sectors, stating that increased Turkish participation would help diversify Bangladesh's industrial base and strengthen technology transfer and industrial capacity.

Burak Basegmezlar said that there is strong demand in Bangladesh for electronic equipment, home appliances, generators, and related products, adding that Turkish investors are keen to explore investment opportunities in these sectors.

He informed that a delegation of Turkish entrepreneurs from the electronics and electrical equipment sector is scheduled to visit Bangladesh in November this year for bilateral discussions and B2B meetings with local businesses.

Ambassador Ramis Sen said that there is substantial untapped potential in Bangladesh-Turkiye trade relations and stressed the need for closer private sector cooperation between the two countries.

He also mentioned that DCCI can play an important role in strengthening economic and commercial ties between Bangladeshi and Turkish businesses.

DCCI Senior Vice President Razeev H Chowdhury and Vice President Md. Salem Sulaiman, among others, were present at the meeting.



Bangladesh Post
*a daily with a difference*
THURSDAY, 14 MAY 2026

# DCCI urges Turkish businessmen to invest in Bangladesh RMG, Leather, Jute industries

## *Discussion held between DCCI & Turkish business delegation*

***Business Desk***

DCCI President Taskin Ahmed invited Turkish investors to come forward with both joint and sole investments in promising sectors in Bangladesh like RMG, leather and footwear, jute goods, agro-processed products, pharmaceuticals, light engineering products, ICT services and software.

The chamber leader made the call during a bilateral trade discussion between the Office Bearers of Dhaka Chamber of Commerce & Industry (DCCI) and a 7-member business delegation from Türkiye led by Burak Basegmezlar, Vice President of the Turkish Electro Technology Exporters' Association (TET) was held on Wednesday at the Gulshan Centre.




The Ambassador of Türkiye to Bangladesh, Ramis Şen, also attended the event.

Welcoming the delegation, DCCI President Taskeen Ahmed said that Bangladesh and Türkiye have long enjoyed friendly relations and expressed optimism that such visits by Turkish business delegations would further expand bilateral trade in the future.

He informed that the total bilateral trade between the two countries during FY 2024–25 stood at approximately USD 1.05 billion, of which Bangladesh's imports and exports amounted to USD 416.76 million and USD 634.53 million respectively.

He mentioned that Turkish entrepreneurs have already invested USD 74.05 million in various sectors in Bangladesh.

Burak Basegmezlar, Vice President of the Turkish Electro Technology Exporters' Association (TET) stated that there is significant demand in Bangladesh for electronic equipment, home appliances, generators, and similar products.

অপেক্ষক প্রকাশের দুরন্ত সাহস
সমকাল
বৃহস্পতিবার, ১৪ মে ২০২৬

# ইলেকট্রনিক্স খাতে বিনিয়োগে আগ্রহী তুরস্কের ব্যবসায়ীরা

**সমকাল প্রতিবেদক**

বাংলাদেশ সফররত তুরস্কের একটি ব্যবসায়ী প্রতিনিধি দল ইলেকট্রনিক্স এবং হোম অ্যাপ্লায়েন্স খাতে একক ও যৌথ বিনিয়োগের বিষয়ে তাদের দেশের বিনিয়োগকারীদের আগ্রহের কথা জানিয়েছেন। এ উদ্দেশ্যে আগামী নভেম্বরে এই খাতের বিনিয়োগকারীদের একটি দল ঢাকায় আসার পরিকল্পনা করছে। গতকাল বুধবার ঢাকা চেম্বার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

এতে বলা হয়, টার্কিশ ইলেকট্রো টেকনোলজি এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (টিইটি) প্রতিনিধি দলের সঙ্গে ঢাকা চেম্বারের দ্বিপক্ষীয় বাণিজ্য আলোচনা গতকাল ডিসিসিআই গুলশান সেন্টারে অনুষ্ঠিত হয়। বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন ওই অনুষ্ঠানে যোগদান করেন। তুরস্কের ৭ সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন টিইটির সহসভাপতি বুরাক বাসেগমেজলার।

প্রতিনিধি দলকে স্বাগত জানিয়ে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, দুই দেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে এবং তুরস্কের বাণিজ্য প্রতিনিধি দলের এ ধরনের সফরের মাধ্যমে দ্বিপক্ষীয় বাণিজ্য আগামীতে আরও বাড়বে।

তিনি জানান, ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও তুরস্কের দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ১০৫ কোটি ডলার। এর মধ্যে বাংলাদেশের আমদানি ৪২ কোটি ডলার এবং রপ্তানি করে ৬৩ কোটি ডলারের পণ্য। বাংলাদেশের বিভিন্ন খাতে ইতোমধ্যে তুরস্কের উদ্যোক্তারা ৭ কোটি ৪৫ লাখ ডলার বিনিয়োগ করেছে।

প্রতিনিধি দলের প্রধান ও টিইটির সহসভাপতি বুরাক বাসেগমেজলা বলেন, ইলেকট্রনিকস যন্ত্রপাতি, হোম অ্যাপ্লায়েন্স, জেনারেটরসহ এ ধরনের পণ্যের বাংলাদেশে বেশ চাহিদা রয়েছে এবং তাঁর দেশের বিনিয়োগকারীরা এখাতে বিনিয়োগে আগ্রহী। চলতি বছরের নভেম্বরে তুরস্কের ইলেকট্রনিক্স খাতের উদ্যোক্তাদের বাংলাদেশ সফরের পরিকল্পনা রয়েছে।

সমকাল

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
বৃহস্পতিবার, ১৪ মে ২০২৬




তুরস্কের বাণিজ্য প্রতিনিধিদলের সঙ্গে ঢাকা চেম্বারের বাণিজ্য আলোচনা

# ইলেকট্রনিক যন্ত্রপাতি, হোম অ্যাপলায়েন্সে বিনিয়োগে আগ্রহী তুরস্ক

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ সফররত তুর্কিশ ইলেক্ট্রো টেকনোলজি এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (টিইটি)-এর সহসভাপতি বুরাক বাসেগমেজলার-এর নেতৃত্বে সাত সদস্যবিশিষ্ট বাণিজ্য প্রতিনিধিদলের সঙ্গে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) দ্বিপাক্ষিক বাণিজ্য আলোচনাসভা বুধবার ডিসিসিআই গুলশান সেন্টারে অনুষ্ঠিত হয়। বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন উক্ত অনুষ্ঠানে যোগদান করেন।

প্রতিনিধিদলকে স্বাগত জানিয়ে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, দুই দেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে এবং তুরস্কের বাণিজ্য প্রতিনিধিদলের এ ধরনের সফরের মাধ্যমে দ্বিপাক্ষিক বাণিজ্য আগামীতে আরো সম্প্রসারিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি জানান, ২০২৪-২৫ অর্থবছরে দেশ দুটোর দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ প্রায় ১.০৫ বিলিয়ন মার্কিন ডলার, যেখানে বাংলাদেশের আমদানি-রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ৪১৬.৭৬ মিলিয়ন ও ৬৩৪.৫৩ মিলিয়ন মার্কিন ডলার। বাংলাদেশের বিভিন্ন খাতে ইতিমধ্যে তুরস্কের উদ্যোক্তাবৃন্দ ৭৪.০৫ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে জানিয়ে ডিসিসিআই সভাপতি তৈরি পোশাক, চামড়া ও পাদুকা শিল্প, পাটজাত পণ্য, কৃষিভিত্তিক প্রক্রিয়াজাত পণ্য, ঔষধশিল্প, লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য, তথ্য-প্রযুক্তি বিষয়ক সেবা ও সফটওয়্যার, হোম টেক্সটাইল এবং ভোগ্যপণ্য প্রভৃতি সম্ভাবনাময় খাতে একক এবং যৌথ বিনিয়োগে এগিয়ে আসার আহ্বান জানান। প্রতিনিধিদলের প্রধান ও টিইটির সহসভাপতি বুরাক বাসেগমেজলা বলেন, ইলেকট্রনিক যন্ত্রপাতি, হোম এ্যাপলায়েন্স, জেনারেটরসহ এ ধরনের পণ্যের বাংলাদেশে বেশ চাহিদা রয়েছে এবং তার দেশের বিনিয়োগকারীবৃন্দ এখাতে একক ও যৌথ বিনিয়োগে আগ্রহী। পাশাপাশি তিনি জানান, চলতি বছরের নভেম্বরে তুরস্কের ইলেকট্রনিক খাতের উদ্যোক্তাদের বাংলাদেশ সফরের পরিকল্পনা রয়েছে, যেখানে দুদেশের বেসরকারিখাতের প্রতিনিধিবৃন্দ দ্বিপাক্ষিক আলোচনা ও বিটুবি (বিজনেস টু বিজনেস) সেশন অংশ নিতে পারবেন, যার মাধ্যমে এখাতের সম্ভাবনা কাজে লাগানোর সুযোগ তৈরি হবে, যা বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে ভূমিকা রাখবে। অনুষ্ঠানে তুরস্কের রাষ্ট্রদূত রামিস সেন বলেন, দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণের বিপুল সম্ভাবনা রয়েছে, যা কাজে লাগাতে দুই দেশের উদ্যোক্তাদের সম্পর্ক আরো নিবিড় করতে হবে। ঢাকা চেম্বারের ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

কালবেলা
বৃহস্পতিবার, ১৪ মে ২০২৬

# তুরস্কের সঙ্গে বাণিজ্য বাড়াতে যৌথ উদ্যোগের আহ্বান

কালবেলা প্রতিবেদক

বাংলাদেশ ও তুরস্কের মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে সম্ভাবনাময় খাতগুলোতে যৌথ উদ্যোগ বাড়ানোর আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।
গতকাল রাজধানীর গুলশানে ডিসিসিআই সেন্টারে তুর্কিশ ইলেকট্রো টেকনোলজি এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (টিইটি) একটি বাণিজ্য প্রতিনিধিদলের সঙ্গে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। সাত সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন টিইটির সহসভাপতি বুরাক বাসেগমেজলার। অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন উপস্থিত ছিলেন।

বৈঠকে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, বাংলাদেশ ও তুরস্কের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। এ ধরনের সফর দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক আরও জোরদারে সহায়ক হবে। ২০২৪-২৫ অর্থবছরে দুই দেশের দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ১ দশমিক শূন্য ৫ বিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে বাংলাদেশ থেকে রপ্তানি হয়েছে ৬৩৪ দশমিক ৫৩ মিলিয়ন ডলার এবং আমদানি হয়েছে ৪১৬ দশমিক ৭৬ মিলিয়ন ডলারের পণ্য।

তাসকীন আহমেদ বলেন, বাংলাদেশে তুরস্কের উদ্যোক্তারা এরই মধ্যে প্রায় ৭৪ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। তৈরি পোশাক, চামড়া ও পাদুকা, পাটজাত পণ্য, কৃষিভিত্তিক প্রক্রিয়াজাত পণ্য, ওষুধ শিল্প, লাইট ইঞ্জিনিয়ারিং, তথ্যপ্রযুক্তি সেবা, সফটওয়্যার ও হোম টেক্সটাইলসহ সম্ভাবনাময় খাতেও যৌথ বিনিয়োগ করতে পারেন।

টিইটির সহসভাপতি বুরাক বাসেগমেজলার বলেন, বাংলাদেশে ইলেকট্রনিক পণ্য, হোম অ্যাপ্লায়েন্স ও জেনারেটরের চাহিদা বাড়ছে। এ খাতে তুরস্কের বিনিয়োগকারীরা একক ও যৌথ বিনিয়োগে আগ্রহী। আগামী নভেম্বরে তুরস্কের ইলেকট্রনিক খাতের উদ্যোক্তাদের একটি প্রতিনিধিদল বাংলাদেশ সফর করবে। ওই সফরে দুই দেশের ব্যবসায়ীদের মধ্যে বিজনেস টু বিজনেস (বিটুবি) বৈঠক হবে, যা বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে ভূমিকা।

রাষ্ট্রদূত রামিস শেন বলেন, বাংলাদেশ ও তুরস্কের মধ্যে বাণিজ্য সম্প্রসারণের বড় সুযোগ রয়েছে। এ সম্ভাবনা কাজে লাগাতে দুই দেশের উদ্যোক্তাদের মধ্যে আরও ঘনিষ্ঠ যোগাযোগ প্রয়োজন।

অনুষ্ঠানে ডিসিসিআইর ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী ও সহসভাপতি মো. সালিম সোলায়মান উপস্থিত ছিলেন।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
বৃহস্পতিবার, ১৪ মে ২০২৬

# তুরস্কের উদ্যোক্তাদের বিনিয়োগের আহ্বান ডিসিসিআইর

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা সফররত তুর্কিশ ইলেক্ট্রো টেকনোলজি এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (টিইটি) একটি বাণিজ্য প্রতিনিধি দলের সঙ্গে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) দ্বিপক্ষীয় বাণিজ্য আলোচনা অনুষ্ঠিত হয়েছে। বুধবার ডিসিসিআই গুলশান সেন্টারে এ সভা অনুষ্ঠিত হয়। টিইটির সহ-সভাপতি বুরাক বাসেগমেজলারের নেতৃত্বে সাত সদস্যের প্রতিনিধি দল এ আলোচনায় অংশ নেয়। অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন উপস্থিত ছিলেন। সভায় ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, বাংলাদেশ ও তুরস্কের মধ্যে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। এ ধরনের সফরের মাধ্যমে ভবিষ্যতে দুই দেশের দ্বিপক্ষীয় বাণিজ্য আরও সম্প্রসারিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তিনি জানান, ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও তুরস্কের দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ প্রায় ১ দশমিক শূন্য ৫ বিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে বাংলাদেশের আমদানি ছিল ৪১৬ দশমিক ৭৬ মিলিয়ন ডলার এবং রফতানি ৬৩৪ দশমিক ৫৩ মিলিয়ন ডলার।

সময়ের আলো

তাসকীন আহমেদ আরও বলেন, বাংলাদেশের বিভিন্ন খাতে ইতিমধ্যে তুরস্কের উদ্যোক্তারা ৭৪ দশমিক শূন্য ৫ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। তিনি তৈরি পোশাক, চামড়া ও পাদুকা শিল্প, পাটজাত পণ্য, কৃষিভিত্তিক প্রক্রিয়াজাত পণ্য, ওষুধ শিল্প, লাইট ইঞ্জিনিয়ারিং, তথ্যপ্রযুক্তি সেবা, সফটওয়্যার, হোম টেক্সটাইল ও ভোগ্যপণ্য খাতে একক ও যৌথ বিনিয়োগের আহ্বান জানান।

টিইটির সহ-সভাপতি বুরাক বাসেগমেজলা বলেন, বাংলাদেশে ইলেকট্রনিক যন্ত্রপাতি, হোম অ্যাপ্লায়েন্স ও জেনারেটরের ব্যাপক চাহিদা রয়েছে। তুরস্কের বিনিয়োগকারীরা এসব খাতে একক ও যৌথ বিনিয়োগে আগ্রহী। তিনি আরও জানান, আগামী নভেম্বরে তুরস্কের ইলেকট্রনিক খাতের উদ্যোক্তাদের একটি প্রতিনিধি দল বাংলাদেশ সফর করবে। ওই সফরে দুই দেশের ব্যবসায়ীদের মধ্যে দ্বিপক্ষীয় আলোচনা ও বিজনেস-টু-বিজনেস (বিটুবি) সভা অনুষ্ঠিত হবে, যা বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে ভূমিকা রাখবে।

তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন বলেন, দুই দেশের মধ্যে বাণিজ্য সম্প্রসারণের বিপুল সম্ভাবনা রয়েছে। এ সম্ভাবনা কাজে লাগাতে উদ্যোক্তাদের মধ্যে আরও ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তুলতে হবে। এ ক্ষেত্রে ঢাকা চেম্বার কার্যকর সেতুবন্ধের ভূমিকা রাখতে পারে বলেও তিনি মন্তব্য করেন।

দৈনিক বাংলা
বৃহস্পতিবার, ১৪ মে ২০২৬

# বাংলাদেশ-তুরস্ক বাণিজ্য বৃদ্ধিতে যৌথ উদ্যোগের আহ্বান

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ ও তুরস্কের মধ্যকার দ্বিপক্ষীয় বাণিজ্যিক সম্পর্ক আরও সুদৃঢ় করতে এবং সম্ভাবনাময় খাতগুলোতে বিনিয়োগ বাড়াতে উভয় দেশের ব্যবসায়ীদের প্রতি বিশেষ আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল বুধবার রাজধানীর গুলশানে ডিসিসিআই সেন্টারে তুর্কিশ ইলেক্ট্রো টেকনোলজি এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (টিইটি)-এর একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদলের সঙ্গে আয়োজিত বৈঠকে এই প্রস্তাব দেওয়া হয়। টিইটির সহসভাপতি বুরাক বাসেগমেজলারের নেতৃত্বে আসা সাত সদস্যের এই প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময়কালে বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেনও উপস্থিত ছিলেন।

বৈঠকে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ দুই দেশের ঐতিহাসিক বন্ধুত্বের কথা উল্লেখ করে বলেন, 'এ ধরনের সফর বাণিজ্যিক সহযোগিতা বৃদ্ধির পথ প্রশস্ত করে।' তিনি জানান, ২০২৪-২৫ অর্থবছরে দুই দেশের মোট বাণিজ্যের পরিমাণ ছিল ১ দশমিক ০৫ বিলিয়ন মার্কিন ডলার, যেখানে বাংলাদেশ থেকে রপ্তানির পরিমাণ ছিল ৬৩৪ দশমিক ৫৩ মিলিয়ন ডলার এবং আমদানির পরিমাণ ছিল ৪১৬ দশমিক ৭৬ মিলিয়ন ডলার। বাংলাদেশে তুর্কি উদ্যোক্তাদের প্রায় ৭৪ মিলিয়ন ডলারের বিদ্যমান বিনিয়োগের তথ্য তুলে ধরে তিনি তৈরি পোশাক, চামড়া, পাটজাত পণ্য, ওষুধশিল্প, তথ্যপ্রযুক্তি এবং হোম টেক্সটাইলসহ বিভিন্ন উদীয়মান খাতে যৌথ বিনিয়োগের জোরালো আহ্বান জানান।




তুর্কি প্রতিনিধিদলের নেতা বুরাক বাসেগমেজলার বাংলাদেশের বাজারের প্রতি গভীর আগ্রহ প্রকাশ করে বলেন, 'এখানে ইলেকট্রনিক পণ্য, হোম অ্যাপ্লায়েন্স এবং জেনারেটরের ক্রমবর্ধমান চাহিদা রয়েছে। তুরস্কের বিনিয়োগকারীরা এই খাতগুলোতে একক কিংবা যৌথভাবে মূলধন বিনিয়োগে আগ্রহী।' তিনি আরও জানান, আগামী নভেম্বরে তুরস্কের একটি বৃহৎ ইলেকট্রনিক ব্যবসায়ী প্রতিনিধিদল বাংলাদেশ সফর করবে এবং দুই দেশের উদ্যোক্তাদের মধ্যে বিজনেস টু বিজনেস (বিটুবি) বৈঠক আয়োজনের পরিকল্পনা রয়েছে, যা সরাসরি বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

রাষ্ট্রদূত রামিস শেন তার বক্তব্যে দুই দেশের বাণিজ্যের অমিত সম্ভাবনার কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, 'সম্ভাবনাগুলোকে বাস্তবে রূপ দিতে উদ্যোক্তাদের মধ্যে নিয়মিত যোগাযোগ ও নিবিড় সমন্বয় প্রয়োজন।' অনুষ্ঠানে ডিসিসিআইর ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী এবং সহসভাপতি মো. সালিম সোলায়মান অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রতিদিনের বাংলাদেশ
বৃহস্পতিবার, ১৪ মে ২০২৬




রাজধানীর গুলশানে বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত বিশেষ আলোচনা সভায় দুই দেশের ব্যবসায়িক প্রতিনিধিরা

# বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী তুর্কি উদ্যোক্তারা

> ২০২৪-২৫ অর্থবছরে দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ প্রায় ১.০৫ বিলিয়ন ডলারে পৌঁছেছে
>
> **তাসকীন আহমেদ**, সভাপতি, ঢাকা চেম্বার

**প্রবা প্রতিবেদক**

দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ভিত্তিতে বাংলাদেশ ও তুরস্ক তাদের দ্বিপাক্ষিক বাণিজ্যিক ও অর্থনৈতিক সম্পর্ককে এক নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার লক্ষ্যে কাজ করছে। এরই ধারাবাহিকতায় তুর্কি বিনিয়োগকারীরা বাংলাদেশের বিভিন্ন সম্ভাবনাময় খাতে বিনিয়োগে নিজেদের দৃঢ় আগ্রহের কথা ব্যক্ত করেছেন। গতকাল বুধবার গুলশানে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত এক বিশেষ আলোচনা সভায় দুই দেশের ব্যবসায়িক প্রতিনিধিরা বাণিজ্যিক পরিধি বাড়ানোর বিষয়ে একমত পোষণ করেন।

অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ জানান, ২০২৪-২৫ অর্থবছরে দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ প্রায় ১.০৫ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে, যা উভয় দেশের বাণিজ্যিক সক্ষমতার প্রতিফলন। বাংলাদেশে ইতোমধ্যে তুর্কি উদ্যোক্তাদের ৭৪.০৫ মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ রয়েছে। তবে এই সম্ভাবনা আরও অনেক বড় বলে তিনি মন্তব্য করেন। ডিসিসিআই সভাপতি তৈরি পোশাক, চামড়া ও পাদুকা, পাটজাত পণ্য, কৃষি প্রক্রিয়াজাত পণ্য, ওষুধ, লাইট ইঞ্জিনিয়ারিং, আইটি সফটওয়্যার ও হোম টেক্সটাইলের মতো খাতগুলোতে তুরস্কের একক কিংবা যৌথ বিনিয়োগের আমন্ত্রণ জানান।

তুরস্কের ইলেকট্রো টেকনোলজি এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (টিইটি) সহসভাপতি বুরাক বাসেগমেজলারের নেতৃত্বাধীন সাত সদস্যের প্রতিনিধিদল এই সভায় অংশগ্রহণ করেন। বাসেগমেজলার বাংলাদেশের উদীয়মান বাজারে ইলেকট্রনিক যন্ত্রপাতি, গৃহস্থালি সরঞ্জাম ও জেনারেটরের ক্রমবর্ধমান চাহিদার ওপর গুরুত্বারোপ করেন। তিনি জানান, এই খাতগুলোতে তুর্কি বিনিয়োগকারীরা বিনিয়োগের জন্য বেশ আগ্রহী। আগামী নভেম্বরে তুরস্কের ইলেকট্রনিক খাতের উদ্যোক্তাদের একটি বড় দল বাংলাদেশ সফরে আসবে। ওই সফরে অনুষ্ঠেয় বিজনেস টু বিজনেস (বিটুবি) সেশন ও দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে দুই দেশের বেসরকারি খাতের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক আরও নিবিড় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন উপস্থিত থেকে দুই দেশের ব্যবসায়ীদের মধ্যে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধিতে গুরুত্ব দেন। তিনি বলেন, কার্যকর সেতুবন্ধ তৈরির মাধ্যমে ঢাকা চেম্বার দুই দেশের মধ্যকার বাণিজ্যিক সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। সামগ্রিকভাবে, তুরস্কের এই আগ্রহ বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় একটি ইতিবাচক পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে। দুই দেশের বেসরকারি খাতের এই সংযোগ যদি সফলভাবে কাজে লাগানো যায়, তবে তা বাংলাদেশের রপ্তানি বৈচিত্র্য ও প্রযুক্তি হস্তান্তরে নতুন পথ উন্মোচন করবে।

আজকের পত্রিকা
বৃহস্পতিবার, ১৪ মে ২০২৬

# ইলেকট্রনিক ও গৃহস্থালি সরঞ্জাম খাতে বিনিয়োগে আগ্রহী তুরস্ক

**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

বাংলাদেশের ইলেকট্রনিক যন্ত্রপাতি ও হোম অ্যাপ্লায়েন্স খাতে বিনিয়োগ সম্প্রসারণে আগ্রহ দেখিয়েছে তুরস্ক। বিশেষ করে জেনারেটর, গৃহস্থালি বৈদ্যুতিক পণ্য ও প্রযুক্তিনির্ভর সরঞ্জাম উৎপাদনে যৌথ ও একক বিনিয়োগের সম্ভাবনা খতিয়ে দেখছেন দেশটির উদ্যোক্তারা।

গতকাল বুধবার রাজধানীর গুলশানে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) কার্যালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে এ আগ্রহের কথা জানান বাংলাদেশ সফররত তার্কিশ ইলেক্ট্রো টেকনোলজি এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (টিইটি) প্রতিনিধিরা। টিইটির সহসভাপতি বুরাক বাসেগমেজলারের নেতৃত্বে সাত সদস্যের প্রতিনিধিদল বৈঠকে অংশ নেয়। এ সময় ঢাকায় নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেনও উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, বাংলাদেশ ও তুরস্কের মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এখন বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতার নতুন পর্যায়ে পৌঁছানোর সুযোগ তৈরি করেছে। এ ধরনের উচ্চপর্যায়ের ব্যবসায়িক সফর দ্বিপক্ষীয় অর্থনৈতিক সম্পর্ককে আরও গতিশীল করবে।

আজকের পত্রিকা

ডিসিসিআই সভাপতি জানান, ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ-তুরস্ক দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ১ দশমিক শূন্য ৫ বিলিয়ন মার্কিন ডলারে। এর মধ্যে বাংলাদেশের রপ্তানি ছিল ৬৩৪ দশমিক ৫৩ মিলিয়ন ডলার এবং আমদানি ৪১৬ দশমিক ৭৬ মিলিয়ন ডলার।

তাসকীন আহমেদ আরও বলেন, বাংলাদেশে ইতিমধ্যে তুরস্কের উদ্যোক্তারা প্রায় ৭৪ দশমিক শূন্য ৫ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। তিনি তৈরি পোশাক, চামড়া ও পাদুকা, পাটজাত পণ্য, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, ওষুধশিল্প, হালকা প্রকৌশল, তথ্যপ্রযুক্তি, সফটওয়্যার, হোম টেক্সটাইল ও ভোগ্যপণ্য খাতে আরও বিনিয়োগের আহ্বান জানান।

টিইটির সহসভাপতি বুরাক বাসেগমেজলার বলেন, বাংলাদেশের দ্রুত বর্ধনশীল ভোক্তা বাজার ইলেকট্রনিক ও হোম অ্যাপ্লায়েন্স খাতকে বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময় করে তুলেছে। তুরস্কের উদ্যোক্তারা স্থানীয় অংশীদারদের সঙ্গে যৌথ উদ্যোগেও আগ্রহী।

তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন বলেন, দুই দেশের মধ্যে বাণিজ্য সম্প্রসারণের ব্যাপক সুযোগ রয়েছে। এ সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে ব্যবসায়ী পর্যায়ে আরও ঘনিষ্ঠ যোগাযোগ ও অংশীদারত্ব বাড়ানো জরুরি। এ ক্ষেত্রে ঢাকা চেম্বার কার্যকর প্ল্যাটফর্ম হিসেবে ভূমিকা রাখতে পারে বলেও তিনি মন্তব্য করেন।

আগামীর সময়

# বাংলাদেশে বড় বিনিয়োগে আগ্রহী তুরস্ক

আগামীর সময় প্রতিবেদক

প্রকাশ: ১৩ মে ২০২৬, ১৭:০২



বাংলাদেশ ও তুরস্কের দ্বিপক্ষীয় বাণিজ্য ১ বিলিয়ন ডলার ছাড়িয়ে গেলেও বিনিয়োগের সম্ভাবনা এখনো অপূর্ণ। এই সুযোগ কাজে লাগাতে তৈরি পোশাক, ওষুধ ও ইলেকট্রনিকস খাতে তুরস্কের উদ্যোক্তাদের বড় ধরনের বিনিয়োগের আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

আজ বুধবার রাজধানীর ডিসিসিআই গুলশান সেন্টারে সফররত তুর্কিশ ইলেক্ট্রো টেকনোলজি এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (টিইটি) প্রতিনিধিদলের সঙ্গে এক দ্বিপক্ষীয় আলোচনা সভায় এই আহ্বান জানানো হয়। অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন উপস্থিত ছিলেন।

সভায় ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ জানান, ২০২৪-২৫ অর্থবছরে দুই দেশের বাণিজ্যের পরিমাণ ছিল ১.০৫ বিলিয়ন মার্কিন ডলার। যেখানে বাংলাদেশ থেকে রপ্তানি হয়েছে ৬৩৪.৫৩ মিলিয়ন ডলারের পণ্য।

তিনি বলেছেন, 'তুরস্ক ইতোমধ্যে বাংলাদেশে ৭৪.০৫ মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে। তবে চামড়া, পাদুকা, পাটজাত পণ্য এবং তথ্য-প্রযুক্তি খাতে বিনিয়োগের আরও বিশাল সুযোগ রয়েছে।'

টিইটির সহ-সভাপতি বুরাক বাসেগমেজলার বাংলাদেশের বাজার নিয়ে ব্যাপক আগ্রহ প্রকাশ করেন তাসকীন আহমেদ। বলেছেন, 'ইলেকট্রনিক যন্ত্রপাতি ও হোম অ্যাপ্লায়েন্স খাতে তুরস্কের বিনিয়োগকারীরা যৌথভাবে কাজ করতে চায়।'

তিনি ঘোষণা দেন, আগামী নভেম্বরে তুরস্কের ইলেকট্রনিক খাতের একটি বিশেষ শক্তিশালী প্রতিনিধিদল বাংলাদেশ সফর করবে এবং স্থানীয় ব্যবসায়ীদের সঙ্গে বিটুবি ম্যাচমেকিং সেশনে অংশ নেবে।

তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন দুই দেশের ব্যবসায়িক সম্পর্ককে আরও নিবিড় করার ওপর জোর দেন। তিনি মনে করেন, দুই দেশের উদ্যোক্তাদের মধ্যে সরাসরি যোগাযোগ স্থাপনে ঢাকা চেম্বার একটি শক্তিশালী মাধ্যম হিসেবে কাজ করছে।

সভায় ঢাকা চেম্বারের ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী ও সহ-সভাপতি মো. সালিম সোলায়মানসহ ব্যবসায়ী নেতারা উপস্থিত ছিলেন।

বিশ্লেষকদের মতে, আগামী নভেম্বরের এই সফর বাংলাদেশের লাইট ইঞ্জিনিয়ারিং ও প্রযুক্তি খাতে বড় ধরনের বৈদেশিক বিনিয়োগের পথ প্রশস্ত করতে পারে।